# একক ৩ □ স্ট্যান্ডার্ড ক্লথ (Standard Fabrics)

**গঠন**

**৩.১ স্ট্যান্ডার্ড ক্লথ কী**

## ৩.১ স্ট্যান্ডার্ড ক্লথ কী

অম্বর প্যাটার্ন (Ombre pattern)—একই কাপড়ে ৫ থেকে ৪০ রকম shade এর ক্রমবিকাশ।

অরগ্যান্ডি (Organdie)— পাতলা, স্বচ্ছ, কড়া (Stiff), তারবৎ মস্‌লিন (Wiry muslin) এবং মিহি কার্পাস বস্ত্র। উইভ প্লেন। ইঞ্চিপ্রতি ৯০ টানা, ৭৬ পোড়েন, ৮০ নং টানা, ১০০-১২০ নং পোড়েন।

অয়েল ক্লথ (Oil cloth)— কটন ফ্যাব্রিকের উপর তিসির তৈল সহ পিগ্‌মেন্টের আবরন।

আদ্দি (Addhi)— মধ্যম কোয়ালিটির মস্‌লিন, গ্রীষ্মকালীন সার্টিং হিসাবে ব্যবহৃত হয়। ইঞ্চিপ্রতি ৯০-১০০ টানা, ১০০-১২০ পোড়েন, ৯০ নং টানা, ১০০ নং পোড়েন।

আকুড়া (Akura cloth)—মোটা সূতায় প্রস্তুত। এই মোটা কাপড় বাঁকুড়া জেলায় গরীব শ্রেনীর লোকেরা ব্যবহার করে। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েন সংখ্যা ২০-৩০, টানা ও পোড়েনে ১$\frac{১}{২}$ - ১৬ নং সূতা।

আস্ট্রাখান (Astrakhan)—মোটা, চাক্‌চিক্ক উসটেড্ সূতায় প্রস্তুত এক প্রকার কোঁকড়ান (Curly) কাপড়।

আমব্রেলা ফ্যাব্রিক (Umbrella fabric)—এই কাপড়ের বুনন (Weave) সাধারনতঃ প্লেন; উৎকৃষ্ট কাপড়ে সাটিন বা জিন্ উইভ থাকে। প্রতি থানের দৈর্ঘ্য ৭৫-৯০ গজ এবং ৩৬" - ৪৪" ইঞ্চি বহর হয়। রং গাঢ় কাল।

| ইঞ্চিপ্রতি টানা | ইঞ্চিপ্রতি পোড়েন | টানা সূতার নম্বর | পোড়েন সূতার নম্বর | উইভ |
|---|---|---|---|---|
| ৯৬-১০০ | ৯৬-১০০ | ৩০-৬০ | ৩০-৬০ | প্লেন |
| ৭২ | ৮০ | ৩২ | ৩২ | প্লেন |
| ৯৬ | ১১০ | ৫০ | ৬০ | ৫ ঝাঁপে সাটিন |
| ৮৮ | ১০৪ | ৫০ | ৩০ | ৩ ঝাঁপে টুইল |

আলেক্‌জানড্রা টুইল (Alexandra twill)—৭ ঝাঁপের অসমান অর্থাৎ Unequal Wales এর টুইল, যেমন ২ ১ ১ ১ ১ ১ = $\frac{৪}{৩}$, কালো রঙের কটন টানা এবং আলপাকা পোড়েন থাকে। লাইনিং এর জন্য ব্যবহৃত হয়। ইঞ্চিপ্রতি ৮০ টানা, ৭০ পোড়েন, ৪০ নং টানা, ২২ নং পোড়েন।

আলিফ্‌ডার (Alifdar)—একপ্রকার কাশ্মিরী শাল।

আইরেনি টুইল (Irene twill)—লাইনিং-এর জন্য ব্যবহৃত হয়। ইঞ্চিপ্রতি ৮০ সূতা টানা, ৭০ সূতা পোড়েন, ২/৮০ নং কটন টানা, ৩০ নং আলপাকা পোড়েন। উইড পোড়েন ভাসা ৩ সূতার টুইল।

আসন (Ashan)—হিন্দুরা এটিতে বসে প্রার্থনা করে।

আব্‌রা (Abra)—লেপের মত তুলা ভরা থাকে। কোটের মত ব্যবহৃত হয়। এটি একপ্রকার শীতের পোষাক।

ইমারি ক্লথ (Emery cloth)—খুব শক্ত কটন অথবা ফ্লাক্স থেকে প্লেন্ বুনন দ্বারা এই কাপড় প্রস্তুত হয় এবং পরে ইমারি পাউডার দ্বারা প্রলেপ দেওয়া হয়।

এ্যাপ্রন (Apron cloth)—সাধারনতঃ নীল এবং সাদা চেক্ কাপড়।

এ্যব্রন (Abrawn cloth)—মসলিনের চেয়ে সামান্য নিকৃষ্ট কাপড়। টানা এবং পোড়েনে ইঞ্চিপ্রতি ৪০ নং সূতার ৭২-৮০ টি সূতা থাকিবে।

এ্যালিগ্যাটার (Alligator cloth)—মোটা প্লেন বুননির কটন অথবা জুট ফ্যাব্রিক। বার্নিশ করা, কৃত্রিম alligator leather এর অনুরূপ ফিনিশিং। কম মূল্যের suitcases এবং upholstery প্রস্তুত করবার জন্য ব্যবহৃত হয়।

এরোপ্লেন ফ্যাব্রিক (Aeroplane fabrics)—প্লেন, খাপী কাপড়। মিহি, কোরালিনের সূতায় প্রস্তুত। বর্ত্তমানে উৎকৃষ্ট মারসেরাইজড্ সূতায়ও প্রস্তুত হয়, এরোপ্লেনের wings এর জন্য ব্যবহৃত হয়। টানা ও পোড়েনে ২/৮০ নং অথবা ৩/১২০ নং সূতা। ইঞ্চিপ্রতি উভয়দিকে ৮০-৯০ সূতা থাকবে। এই কাপড় বুনবার পর সিদ্ধ করতে হয়।

এরোবিয়ান ক্রেপ্ (Arabian crepe)—প্লেন ক্লথ। টানা ও পোড়েনে খুব কড়াপাকের কটন, সিল্ক অথবা উর্স-টেড্। এক্‌ষ্ট্রা ওয়েফ্ট দ্বারা অলঙ্কৃত।

এসবেস্‌টস্ ক্লথ (Asbestos cloth)—ফায়ার প্রুফ কাপড়। এস্‌বেস্‌টস্ সূতা থেকে প্রস্তুত। প্লেন বুনট। ফায়ারম্যানদের পোষাক, থিয়েটারের পরদা ইত্যাদির জন্য ব্যবহৃত হয়। প্রতি উাইন্সে ৩০-৬০ গজ ওজনের সূতা ইঞ্চি প্রতি ১৬-২০টি টানা এবং ১০-১৪টি পোড়েন থাকবে।

এলবার্ট টুইল (Albert twill)—$\frac{১}{৪}$ টুইল। ইঞ্চিপ্রতি টানা ৬০, পোড়েন ৭০, টানা ও পোড়েনে ৩০ নং সূতা। ইঞ্চিপ্রতি টানা ৭২, পোড়েন ১০০, টানায় ৪০ নং এবং পোড়েনে ৩২ নং সূতা। লাইনিং এর জন্য। সাধারনতঃ আলপাকা দ্বারা প্রস্তুত হয়।

এমপোরর টুইল (Emperor twill)—$\frac{১}{৭}$ টুইল। ইঞ্চিপ্রতি টানা ৮০, পোড়েন ৭২, টানা ও পোড়েনে ৩০ নং সূতা। লাইনিং এর জন্য। সাধারনতঃ আলপাকা দ্বারা প্রস্তুত হয়।

এট্‌লাস্ (Atlas)—রেশমের উপর ৫ অথবা ৮ ঝাঁপের ওয়ার্প সাটিন।

ওর্ণা (Orhna)—মহিলাদের চাদর।

কেটে (Katey)—হাতে সূতা কাটা তসর।

কম্বল (Blanket)—প্লেন অথবা টুইল বুননি। কটন, উল অথবা কটন ও উল মিশ্রিত কম্বল প্রস্তুত হয়ে থাকে। ১ থেকে ৮ নং কোমল পাকের সূতায় বুনে মিলিং করা হয় এবং কোরা বা রঞ্জিত অবস্থায় একাধিক বার raising machine-এর ভিতর দিয়ে চালনা করা হয়।

ক্যামব্রিক (Cambric)—প্লেন উইভ। টেক্‌চার খুব খাপি। Medium quality র মসলিনের উপযুক্ত টানা ও পোড়েন সূতার প্রয়োজন। লাইনিং এর উপযোগী ক্যামব্রিকে ভারী মাড় ব্যবহার করতে হয়। এই কাপড় সর্বপ্রথম বেলজিয়ামে ক্যামব্রেই নামক শহরে প্রস্তুত হয়েছিল বলে এটির নাম "ক্যামব্রিক" হয়েছে। ইঞ্চি প্রতি ৯০-১০০ সূতা টানা ও পোড়েন। ৬০ নং সূতা টানা, ৫০ নং পোড়েন। ইঞ্চিপ্রতি ৭২ টানা, ৬০ নং টানা ৮০ নং পোড়েন। প্রতি থানের দৈর্ঘ্য ১২০ গজ × ৪০$\frac{১}{২}$" ।

কৃত্রিম লেদার (Imnitation leather)—সূতীবস্ত্র pyroxylin অথবা অন্যান্য রাসায়নিক দ্রব্য দ্বারা আবৃত (Coated).

ক্লোরিনেটেড্ ক্লথ (Chlorinated cloth)—উলকে nonshrinkable করবার জন্য ক্লোরিন ব্লিচ করতে হয়, এটিতে স্কেইলগুলি নষ্টপ্রাপ্ত হয়ে উলের felting power কমে থাকে, কিন্তু চাক্‌চিক্ক বৃদ্ধি পায়, খস্‌খসে হয় এবং রঙের আকর্ষন শক্তি বৃদ্ধি পায়।

ক্রেপন ও ক্রিম্প (Crepon and crimp)—এটি প্লেইন কাপড়, অপর নাম "Blister"। এই কাপড়ের কোন কোন অংশ কুচ্‌কান থাকে। এই কাপড়কে "Seer Sucker" ও বলে। ফারনিসিং এবং পোষাকের কাপড় হিসাবে ব্যবহৃত হয়। ৩/৪২ নং ক্রিম্প টানা, ৫০ নং টাইট্ টানা। ইঞ্চিপ্রতি ৬০ সূতা টানা ও পোড়েন।

ক্রিটোন (Cretonne)—ছাপান ক্রেপ্ অথবা ওট্‌মিল ক্লথ। এই কাপড় অনেক ক্ষেত্রে টানার সূতা ছাপান থাকে। উইভ-প্লেন, টুইল অথবা ক্রেপ্।

কষিদা (Kashida)—প্লেন বুনন। রঙিন মিহি কাপড়ের উপর মুগাসূতা দ্বারা সূঁচের কাজ (Needle work) থাকে। এই কষিদা বাংলাদেশ থেকে টার্কি, মিশর এবং আরবে চালান হয়ে থাকে, ওর্না এবং পাগ্‌ড়ীর জন্য ব্যবহৃত হয়।

কিন্ডারগারটেন ক্লথ (Kindergarten cloth)—শক্ত এবং ভারী সূতী কাপড়। সাধারনতঃ রঙিন ষ্ট্রাইপ্-যুক্ত হয়ে থাকে। Single সূতার টানা, ২ সূতা একসঙ্গে কাজ করে। পোড়েনে টানার ২/৩ গুন বেশী সূতা থাকবে। বালক বালিকাদের পোষাকের জন্য ব্যবহৃত হয়।

কার্ডিন্যাল ক্লথ (Cardinal cloth)—লাল রঙের পশমী কাপড়। পোষাকের জন্য।

কেয়ার ক্লথ (Care cloth)—বিবাহের সময় বর ও কনের মাথার উপরে যে কাপড় থাকে।

কেরি ক্লথ (Cere cloth)—মিহি, হাল্কা প্লেন কাপড় মোম জাতীয় জিনিস লাগানো থাকে। ক্ষতস্থানের উপরে লাগান হয়।

ক্যাস্‌ক ক্লথ (Cassock cloth)—কালো রঙের উর্স্টেড্ কাশ্মিরী কাপড়। পোষাকের জন্য।

কারাকূল ক্লথ (Karakul cloth)—কোটের অথবা টুপীর কাপড়। পারসিয়ান ল্যাম্বস্কিন্‌কে অনুকরণ করে এই কাপড় প্রস্তুত হয়। অলউলের ওয়ার্পপাইল অথবা ওয়েফ্‌টপাইল দুই রকমই হয়। এটি মিহি ও কোমল আচ্ছাখান জাতীয় কাপড়। কৃত্রিম কারাকূল প্রস্তুত করতে টানাতে কটন, পোড়েনে মিশ্র উল এবং এই ক্ষেত্রে ওয়েফ্‌ট পাইল হবে। মধ্য এশিয়ায় East Bokharaতে Karakul (Black lake) নামে একটি স্থান আছে, যেখানে একজাতীয় ভেড়ার চাষ হয়, সেই ভেড়ার চামড়াতে এই মূল্যবান লোম জন্মে থাকে।

ক্রকোডাইল ক্লথ (Crocodile cloth)—একপ্রকার উৎকৃষ্ট পশমী পোষাকী কাপড়; কাপড়ের উপর দিকে বেডফোর্ড কড-ষ্ট্রাইপ দৃষ্ট হবে এবং এই কাপড় জ্যাকার্ড মেশিনে বোনা হয়।

কর্কস্ক্রু ফ্যাব্রিক (Corkscrew fabric)—মিহি উর্স্টেড্ সূতায় কোটিং ও সুটিং এর কাপড়। ১১ অথবা ১৩ টানা কর্কস্ক্রু বুনন। ২/৭০ নং বোটানী উল টানা, ৩২ নং বোটানী পোড়েন। ইঞ্চি প্রতি ১১৬ সূতা টানা, ৯০ সূতা পোড়েন।

খদ্দর (Khaddar)—মোটা প্লেন কাপড়। ইঞ্চিপ্রতি ৪৪ সূতা টানা, ৪০ সূতা পোড়েন, ২০ নং টানা, ১০ থেকে ২০ নং (নরম পাকের) পোড়েন।

গজ (Gauze cloth)—উইভ প্লেন। ধোলাই। ব্যান্ডেজ ক্লথ অপেক্ষা মিহি ও পাতলা হবে। টানা ও পোড়েনে একই নম্বর এবং একই সংখ্যক সূতা থাকবে। টানা ও পোড়েনে ৩০-৪০ নং সূতা, ইঞ্চিপ্রতি টানা ও পোড়েনে ১৮ সূতা থাকলেই চলে, কিন্তু সাধারনতঃ ইঞ্চিপ্রতি ২৬ সূতা টানা এবং ১৮ সূতা পোড়েন দিয়ে বুনে থাকে। শানার প্রতি ঘরে ১ সূতা থাকবে। গজ ক্লথ বুনবার পর ধোলাই এবং medicated করা হয়।

গার্ডচেক্ (Guard check)—একাধিক উইভের চেক্।

গিনঘাম চেক্ (Gingham check)—প্লেন ক্লথ। এক বা একাধিক রংয়ের ছোট বড় চেক্ থাকবে।

গ্যাবার কর্ড (Gaber cord)—কোমল সূতী কাপড়। টানা ভাষা টুইল বুনন। ৩০ নং টানা, ২০ পোড়েন (নরম পাকের)। ইঞ্চি প্রতি ১১৪ সূতা টানা এবং ৬০ সূতা পোড়েন।

গ্যাবার ডাইন (Gabardine)—বুনন $\frac{২}{২}$ ওয়ার্প টুইল।

মিহি কটন গ্যাবারডাইন —২/৮০ নং টানা ও পোড়েন এবং ইঞ্চিপ্রতি ১০৪ সূতা টানা ও পোড়েন। পোষাকী গ্যাবারডাইন (Gabardine costumes)—এই স্থলে টানা ও পোড়েনে উর্স্টেড্ ব্যবহৃত হয়। উইভ $\frac{৩}{১}$ টুইল। ২/৫০ নং বোটানী ওয়ার্প, ৩৬ নং বোটানী ওয়েফ্ট। ইঞ্চি প্রতি ১০০ সূতা টানা এবং ৬০ সূতা পোড়েন। এটি খুব খাপী কাপড়। অত্যন্ত সূক্ষ্ম অথচ পরিষ্কার টুইল রেখা কাপড়ের সদর দিকে দৃষ্ট হয়। পর্ব্বে $\frac{৫}{১}$ $\frac{১}{২}$ $\frac{১}{১}$ এই ১১ সূতার টুইল থেকে যে কর্কস্ক্রু উর্স্টেড্ থেকে প্রস্তুত হত তাকেই "Gabardine" বলা হত।

গ্রিন্নি ক্লথ (Grinny cloth) ব্যবসায়ীরা Reddy cloth কে গ্রিন্নি ক্লথ বলিয়া থাকে।

জিপ্সি ক্লথ (Gypsy cloth)—প্লেন উইভ। কটন ক্লথ। সাধারনতঃ cream রঙের। খেলোয়াড়দের পোশাকে ব্যবহৃত হয়। ইঞ্চি প্রতি ৫২ সূতা টানা, ৬০ সূতা পোড়েন, ৩২ নং টানা, ১৬ নং পোড়েন।

গুলবদন শাড়ী (Gulbadan saree)—হ্যান্ডলুমে তৈরী মিহি রেশম বস্ত্র। সোনালী ও রূপালী জরিসূতা দ্বারা অলঙ্কৃত।

গান-ক্লাব চেক্ (Gun club check)—টানা এবং পোড়েনে ৩ রঙের চেক থাকবে। উইভ $\frac{২}{২}$ টুইল। উদাহরণ —উভয়দিকের প্যাটার্ন যথা—৪ গাঢ়, ৪ হাল্কা, ৪ মধ্যম, ৪ হালকা।

চফার ফ্যাব্রিক (Chafer fabric)—মটর টায়ার প্রস্তুত করতে এই কাপড় প্রয়োজন হয়।

চিফন্ (Chiffon)—অত্যন্ত কোমল, প্লেন, রেশম কাপড়। কড়াপাকের মিহি সূতায় গামসহ বুনবার পর গাম দূরীভূত করা হয়। ১৪/১৬ denier রেশমের টানা ও পোড়েন। প্রতি ইঞ্চিতে ১০০টি টানা ও পোড়েন সূতা থাকবে।

ক্যামেলিওন ট্যাফেটা (Chameleon taffeta)—মূল্যবান রেশমী কাপড়। ৩টি বিভিন্ন রঙ থাকবে। পোড়েনে একই শেডে ২ থাকবে এবং টানায় ১ রং। ইঞ্চি প্রতি ৯৬ সূতা টানা, ৪৮ সূতা পোড়েন। ২/৮০ নং টানা, ২/৬০ নং পোড়েন।

চিজ্ ক্লথ (Cheese cloth)—হাল্কা বুনটের পাতলা ও নরম প্লেন কাপড়। চিজ ও মাখন ঢাকবার জন্য ব্যবহৃত হয়। ৪০ নং টানা ও পোড়েন। ইঞ্চি প্রতি ৩০ সূতা টানা, ২৪ সূতা পোড়েন।

চাইন্ ক্লথ (Chine or Chene cloth)—একপ্রকার অলঙ্কৃত কাপড়। মনে হয় যেন বুনবার পূর্ব্বে টানার সূতা প্রিণ্ট করা হয়েছে।

চিনা কোটিং (China coating)—খুব ভারী ড্রিল ক্লথ ($\frac{3}{1}$ টুইল)। রঙ কালো এবং glossy finish.

চিনা চেক (China check)—কটন সার্টিং। প্লেন বুনন, কিন্তু চেক, যেমন—২ নীল, ১৬ সাদা টানা ও পোড়েন।

ছয়ান ক্লথ (Soyan cloth)—আফ্রিকাতে এক প্রকার রেশম কীট আছে যা ডুমুরের পাতা খায় এবং বড় বড় বাসা নির্মান করে বহু রেশম কীট তাহাতে ককুন তৈরী করে। ককুনগুলিসহ সমস্ত বাসাটাই ''Waste Silk'' হিসাবে ব্যবহৃত হয়। এই waste silk কটনের সহিত মিশ্রিত করে যে কাপড় প্রস্তুত হয় তাকে বলে ''Soyan Cloth''.

জর্জ্জেট (Georgette)—মিহি রেশমী বস্ত্র, প্লেন বুনন, জমিন হালকা। টানা ও পোড়েনে কড়া পাকের সূতা থাকায় কাপড়ে crepy effect হয়। একটির পর একটি ডান ও বাম পাকের সূতা টানা এবং পোড়েন থাকে। গামসহ রেশম বুনে রঙ করবার পূর্বে গাম দূরীভূত করা হয়। সাধারনতঃ রঙিন অথবা প্রিন্টেড অবস্থায় বাজারে পাওয়া যায়। কটন জর্জ্জেট্—বয়ন প্রনালী একই রকম, এই স্থলে ২টির পর ২টি ডান ও বাম পাকের সূতা টানা ও পোড়েনে থাকে। ইঞ্চি প্রতি ৫৬-৬০ সূতা টানা, ৫০-৬০ সূতা পোড়েনে, টানা ও পোড়েনে ২/৮০ নং — ২/১০০ নং অথবা ২/৭২ নং সূতা টানা ও পোড়েন। ইঞ্চি প্রতি যথাক্রমে ৫২ ও ৫৮ সূতা থাকবে।

৮ ঝাঁপে ক্রেপ্ জর্জ্জেট্ — অতি মিহি ফাইন কোয়ালিটির ইজিপসিয়ান সূতায় প্রস্তুত হয়। ইঞ্চি প্রতি টানা ১০০, পোড়েন ৯৬, ৮০ নং টানা, ১২০ নং পোড়েন। ইঞ্চি প্রতি ১১০ টানা ও পোড়েন, ৭০ নং টানা, ১২০ নং পোড়েন।

জ্যাকোনেট্ (Jaconet)—প্লেন উইভ। মিহি কটন ক্লথ। নয়নসুকের মতো কোমল হয়। জ্যাকোনেটে সাধারনতঃ gold headings থাকে। ২০ গজি থানে পাওয়া যায়। ইঞ্চি প্রতি ১০৪ সূতা টানা, ১২০ সূতা পোড়েন। ৮০ নং - ১০০ নং টানা, ৯০ নং - ১২০ নং পোড়েন।

জায়নমাজ (Jainamaz)—মুসলমানেরা এটির উপর বসে নমাজ পড়ে।

জামদানী (Jamdanee)—এটি কটন শাড়ী। হ্যান্ডলুমে মিহিসূতার উপর extra weft দ্বারা নক্সা করা হয়। ইঞ্চি প্রতি ৮০ টানা, ৭০ পোড়েন, ৮০ নং টানা, ৬০ নং পোড়েন। উৎকৃষ্ট মিহি জামদানী, যাতে dot design থাকে, তাকে বলে "সেবোরগা জামদানী"।

টিকিন (Ticken, Ticking or Ticks)—তোষক এবং বালিশের কাপড় $\frac{2}{1}$ অথবা $\frac{3}{1}$ টুইল এবং ৫ ও ৮ ঝাঁপে সাটিন বুনন দ্বারা টানার দিকে মোটা মোটা ষ্ট্রাইপ দিয়া এই কাপড় প্রস্তুত হয়।

| ইঞ্চি প্রতি টানা | ইঞ্চি প্রতি পোড়েন | টানা সূতার নম্বর | পোড়েন সূতার নম্বর |
|---|---|---|---|
| ৭৬ | ৫৬ | ১০ | ২২ |
| ৭৬ | ৬৪ | ১৬ | ২০ |
| ৭২ | ৪০ | ২/৪০ | ২০ |
| ৬৪ | ৪০ | ২/৪০ | ১২ |

ট্রপিক্যাল ক্লথ (Tropical cloth)—মিহি উল সূতায় তৈরী প্লেন কাপড়। এই কাপড় রেশম সদৃশ মিহি কটন দ্বারাও প্রস্তুত হয়ে থাকে। খাপী ও মজবুত করবার জন্য অধিক সংখ্যক টানা ও পোড়েন দিয়ে বুনতে হয়। কটন টানা এবং উল পোড়েন দিয়েও ট্রপিক্যাল হয়। এটিকে "Palm Beach Cloth" ও বলে।

টি ক্লথ (T. cloth)—সূতি প্লেন কাপড়, তাহাতে খুব ভারী মাড় থাকে। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েনে ৫২-৬০ সূতা, টানায় ১৬ নং থেকে ২৪ নং, পোড়েনে ২২ নং থেকে ২৬ নং সূতা থাকবে।

টেনিস ক্লথ (Tennis cloth)— $\frac{২}{২}$ ম্যাটিং অথবা $\frac{২}{২}$ টুইল। ধোলাই অথবা ক্রীম রঙের হয়ে থাকে। ইঞ্চি প্রতি ৭২ টানা, ৬৪ পোড়েন, ১৬ নং সূতার টানা ও পোড়েন। পোষাক ও সার্টের জন্য $\frac{২}{২}$ টুইল। ইঞ্চি প্রতি ৮৪ টানা, ৭০ পোড়েন, ২০ নং সূতার টানা ও পোড়েন। যদি উভয় দিকে উল দিয়া বুনতে হয় তবে টানা ও পোড়েনে ২/৩২ নং বোটানী উলের ৬৪ টানা ও পোড়েন দিয়ে বুনবে।

টোবেকো ক্লথ (Tobacco cloth)—খারাপ কোয়ালিটির প্লেন কাপড়। প্যাকিং, বুক বাইন্ডিং ইত্যাদির জন্য ব্যবহৃত হয়। ইঞ্চিপ্রতি ৩০ টানা, ২৬ পোড়েন এবং ৩২ নং টানা, ৪০ নং পোড়েন।

টাইপ্ রাইটার ক্লথ (Type writers cloth)—উৎকৃষ্ট মিহি সূতায় প্লেন কাপড়। ইঞ্চি প্রতি টানা ও পোড়েন সংখ্যা ১২০। টানা ও পোড়েন সূতার নম্বর যথাক্রমে ১০০ ও ১২০।

টেন্ট ক্লথ (Tent cloth)—এটিকে duck cloth-ও বলে। অত্যন্ত ভারী কটন ক্লথ। উইভ সাধারন প্লেন অথবা ম্যাট্। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েন সংখ্যা ৫২, ৩/৪০ নং টানা, ২/২৪ - ২/৩৬ নং পোড়েন। তাবু ও জাহাজের পালের কাপড় হিসাবে ব্যবহৃত হয়।

ডোনেগল টুইড্ (Donegal tweed)—প্লেন, ব্রোকেন টুইল বা $\frac{২}{২}$ টুইল। এব্‌ড়ো খেব্‌ড়ো (rough) মোটা পশমী কাপড়। অনেক ক্ষেত্রেই মিলিং করা থাকে, মিলিং নাও করা থাকে। ৫-১০ স্কেইন উলের টানা ও পোড়েন। ইঞ্চিপ্রতি ১২-২২ সূতা টানা ও পোড়েন।

ডামাসক্ (Damask)—এই কাপড়ে ফিগার এবং গ্রাউন্ডে টুইল অথবা সাটিন বুননি থাকে। ফিগারে যদি ওয়ার্প-সাটিন হয় তবে গ্রাউন্ডে ওয়েফ্ট্ সাটিন হবে। এইরূপ vice-versa.

ডুরি (Durries)—পাইল শুন্য কটন কার্পেট্ অথবা ব্যাগ।

ড্রিল (Drill)—৩, ৪, অথবা ৫ ঝাঁপে খুব মজবুত ও ভারী টুইল অথবা ৫ ঝাঁপের সাটিন কাপড়। ৩ ও ৪ ঝাঁপে টুইল ড্রিল (৩$\frac{২}{১}$ অথবা $\frac{৩}{১}$) ইঞ্চি প্রতি ৯০ সূতা টানা, ৫০-৭২ সূতা পোড়েন। ১৬ নং থেকে ২০ নং সূতার টানা ও পোড়েন। ৫ ঝাঁপে সাটিন ড্রিল টানা ও পোড়েনে ১৬ নং থেকে ৩০ বা ৪০ নং সূতা ব্যবহৃত হয়ে থাকে।

| ইঞ্চিপ্রতি টানা | পোড়েন | টানার নম্বর | পোড়েনের নম্বর | |
|---|---|---|---|---|
| ৯০ | ৫০ | ১৬ | ১৬ | টুইল উইভ |
| ১২৮ | ৮০ | ৪০ | ৩৬ | |
| ১২৪ | ৯০ | ৩০ | ৩০ | |
| ১০৪ | ৭০ | ২০ | ২০ | সাটিন উইভ |
| ১০০ | ৫৪ | ২২ | ৩০ | |
| ১০০ | ৬০ | ২০ | ১৬ | |

খুব ভাল কোয়ালিটির ড্রিলকে “পেপ্‌পেরল ড্রিল” (Pep-Perall drill) এবং কম মজবুত ড্রিলকে ড্রিলেট্‌ (Drillette) বলে। ড্রিল সাধারনতঃ সাদা, খাকী এবং নীল রঙের হয়ে থাকে

ডাচেস্‌ সাটিন (Duchess satin)—খুব দামী রেশম বস্ত্র। ৭, ৮, ১০ অথবা ১২ ঝাঁপের ওয়ার্প সাটিন।

ডোমেট্‌ (Domet)—কৃত্রিম ফ্লানেল। টানা ও পোড়েনে শুধু কটন অথবা টানায় কটন এবং পোড়েনে উল ও কটন মিশ্রিত থাকে। এই কাপড়ের উভয় দিকেই আঁশ উঠান।

ডেনিম (Denim)—খুব মজবুত সূতী কাপড়। উইভ $\frac{৩}{\quad}\frac{\quad}{১}$ ওয়ার্পফেস্‌ টুইল। কুলিমজুরদের পোষাকের জন্য ব্যবহৃত হয়। থান রঙ করা হয়, কিন্তু সাধারনতঃ টানাতে ব্রাউন অথবা নীল এবং পোড়েনে সাদা থাকে। ইঞ্চপ্রতি ৯০ সূতা টানা, ৬০ পোড়েন, ২০ নং টানা, ১৬ নং পোড়েন।

ডাঙ্গারী (Dungaree)—ডেনিম কাপড়ের ন্যায় কাপড়, কিন্তু টানা ও পোড়েনে রঙিন সূতা থাকে। ইঞ্চিপ্রতি ৭২-৮০ টানা, ৬০ পোড়েন, ১৮ নং টানা, ২৪ নং পোড়েন।

ট্যাফেটা (Taffeta)—পারসিয়ান “তাফ্‌তা” থেকে ট্যাফেটা নামের উদ্ভব হয়েছে। এটি প্লেন, খাপী ও মসৃন রেশমী কাপড়। রেয়নের “ট্যাফেটা” কাপড়ের টানায় কটনও থাকতে পারে। পোষাক এবং পোষাকের লাইনিং হিসাবে ব্যবহৃত হয়। কটন ট্যাফেটা ইঞ্চি প্রতি ৬৪-৭২ সূতা টানা, ৯৬ সূতা পোড়েন, ২/৮০ নং অথবা ৪০ নং সূতার টানা, ২/২০ নং অথবা ৩০ নং সূতার পোড়েন।

দস্তর খান (Dastarkhan)—ডাইনিং টেবিল ক্লথ।

দোসূতি (Dosuti)—প্লেন কাপড়, টানা ও পোড়েনে ২টি করে সূতা একই রকম কাজ করে। এইরূপ টানার সূতাকে taped ends বলে।

নয়ন সুখ (Nain sook)—প্লেন কাপড়। মিহি, পাতলা, ধোলাই কার্পাস বস্ত্র। এই কাপড় ডুরে বা প্লেন হয়ে থাকে। ইঞ্চি প্রতি টানা ৮০-৯০, পোড়েন ৮০-৯০, টানার নং ৮০, পোড়েন ১০০ নং।

পিকি ফ্যাব্রিক (Pique fabric)—এটি কর্ড কাপড়। রিব এবং কর্ডগুলি পোড়েনের দিকে থাকে।

প্রিনসেস্‌ টুইল (Princess twill)— $\frac{৫}{\quad}\frac{\quad}{১}\frac{১}{\quad}\frac{\quad}{১}$ টুইল। কটন ওয়ার্প, আলপাকা ওয়েফট। লাইনিং-এর জন্য। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েন সংখ্যা ৮০, টানায় ৫০ নং এবং পোড়েনে ৪০ নং সূতা।

পপ্‌লিন (Poplin)—মিহি টানা, মোটা পোড়েন। ইজিপশিয়ান মারসেরাইজড্‌ ২/৮০ নং টানা, ৩/৩০ নং পোড়েন, ইঞ্চি প্রতি ১৫০ টানা ও ৪০ পোড়েন।

পপ্‌লিনেট্‌ (Poplinette)—ইঞ্চিপ্রতি টানা ১৪৪, পোড়েন ৭৬, টানা ও পোড়েন সূতার নম্বর ৫০।

পশমিনা টুইড (Pashmina tweed)—পশমিনা থেকে কাশ্মীরে প্রস্তুত হয়। $\frac{২}{\quad}\frac{\quad}{২}$ টুইল বুনন। ইঞ্চিপ্রতি ৫০ সূতা টানা, ৪০ সূতা পোড়েন। টানায় ২/৩৬ নং উর্স্টেড্‌, পোড়েনে ২/৩০ নং উর্স্টেড্‌। হালকা ট্রপিক্যাল পোষাকের কাপড় হিসাবেও এটি ব্যবহৃত হয়।

পাট্টু (Pattu)—কাবুল ও পেশোয়ারে একপ্রকার ছাগলের লোম থেকে এই পাট্টু কাপড় প্রস্তুত হয়ে থাকে।

পারশী সিল্ক (Persee silk)—এই মূল্যবান রেশমবস্ত্র সর্ব্বপ্রথম পারস্যদেশে তৈরী হয়েছিল। এই কাপড় সোনালী সূত্র দ্বারা অলঙ্কৃত হয়ে থাকে।

পেপুন্‌ (Papoon or Pahpoon)—এটি প্লেন কাপড়। এই কাপড়ের বিশেষত্ব এই যে টানা ও পোড়েনে পৃথক

রঙ থাকে; অর্থাৎ টানায় যদি লাল সূতা থাকে পোড়েনে নীল সূতা থাকবে, অথবা টানায় ঐ দুই রঙের ডোর (Stripe) থাকলে পোড়েনেও ঐ দুই রঙের চেক্ থাকবে। এইরূপ কাপড় বাজারে পেপুন্ নামে প্রচলিত।

ফেন্টস্ (Fents)—দোষযুক্ত খাট কাপড় অথবা থানকাটা টুকরা (সাধারনতঃ ২২" ইঞ্চির উপর থেকে ৩ গজের নীচের টুকরাকে ফেন্টস্ বলে)। উলের বেলায় এইরূপ টুকরাকে ‘‘Bribes’’ বলে।

ফেল্‌টেড্ ক্লথ (Felted cloth)—পশমী কাপড়কে গরম সাবানের জলে ভিজিয়ে মুগুড় দিয়া পিটিয়ে মিলিং করা হয়, এটিকে বলে ফেল্‌টেড ক্লথ।

ফারমার সাটিন (Farmar satin)—সাটিন বুনন, কটন ওয়ার্প এবং উল ওয়েফ্ট।

ফেরোডো ফ্যাব্রিক (Farodo fabric)—খুব মজবুত $\frac{১}{১৬}$ ইঞ্চির উপরে ভারী কটন অথবা asbestos কাপড় চাপের সাহায্যে (Compression) প্রস্তুত হয়। মেশিনে যেস্থানে ঘর্ষণ হয়, সেই স্থানে ব্যবহৃত হয়।

ফরাশ ক্লথ (Farash cloth)—ঘরের মেঝে (Floor) ঢাকবার কাপড়। বাফ্‌তা (Bafta)—কটন ও রেশম মিশ্রিত কাপড়। ঢাকা, ভাগলপুর এবং বাঁকুড়াতে প্রস্তুত হয়ে থাকে। প্লেন বুনন, কোরা রেশম, টানা, কটন পোড়েন।

বেইজ (Baize)—প্লেন বুনন। কৃত্রিম ফেল্টের ন্যায় পাইল তোলা কাপড়। সাধারনতঃ লাল অথবা সবুজ রঙের হয়। Instrument এবং jewellery case এর লাইনিং এর জন্য ব্যবহৃত হয়।

ব্যাংকরা কাপোর (Bankara kapor)—সোনালী জরীর floral design যুক্ত রেশম অথবা কটন নির্মিত দামী গায়ের চাদর, আসামে প্রস্তুত হয়।

বেগম বিহার শাড়ী (Begum behar saree)—কটন ও রেশম নির্মিত মনোরম চেক্ শাড়ী। এই কাপড় টাঙ্গাইলে প্রস্তুত হয়।

বিন্নি কাপড় (Bainni cloth)—প্রাকৃতিক ব্রাউন রঙের একপ্রকার তূলা থেকে সূতা কেটে গায়ের চাদর প্রস্তুত হয়, এটিকে বলে বিন্নি চাদর। চিটাগাং জেলায় প্রস্তুত হয়।

বস্‌কি (Bosky)—পাঞ্জাবে প্রস্তুত, কটন ও কৃত্রিম রেশম মিশ্রিত এক প্রকার মনোরম ডোরা (Striped) সার্টিং ক্লথ।

বক্‌রম (Buckram)—এটি মোটা, ভারী এবং অত্যন্ত শক্ত (stiff) কটন অথবা লিনেন নির্মিত কাপড়। হ্যাট, কোট, ইত্যাদির stiffening হিসাবে ব্যবহৃত হয়।

বিট্রাইস্ টুইল (Beatrice twill)— $\frac{১}{৪}$ টুইলকে beatrice twill বলে। ইঞ্চিপ্রতি টানা ৯০, পোড়েন ৮০, টানা সূতার নং ৪২, পোড়েন সূতার নং ৩০, সাধারনতঃ আলপাকা দ্বারা প্রস্তুত। লাইনিং এর জন্য প্রস্তুত হয়।

ব্লক্‌চেক্ (Block check)—মোটা মোটা ষ্ট্রাইপ্ যুক্ত চেক্।

বাঁদী ফতুয়া (Bandi fatua)—বাজারে একপ্রকার লেপের কাপড় আছে। যাকে ‘‘বাঁন্দি ফোতা’’ বলে। এটিও ব্লক্ চেকের মত চেক্। পূর্ব্বকালে বাঁদীর এই ডিজাইনের ফতুয়া ব্যবহার করত।

বিচ্ ক্লথ (Beach cloth)—গ্রীষ্মকালীন পোষাকের উপযোগী পাত্‌লা কাপড়। টানাতে কটন, পোড়েনে মোহেয়ার।

বক্স ক্লথ (Box cloth)—খুব বেশী মিলিং করা পশমী পোষাকের কাপড়। দেখতে ফেল্‌টের ন্যায়। $\frac{২}{২}$ ব্রোকেন টুইল বুনন। টানা ও পোড়েন রঙিন। ইঞ্চিপ্রতি ১২ নং স্কেইন উলের ৩০ সূতা টানা ও পোড়েন।

ব্লেজার ক্লথ (Blazer cloth)—খুব বেশী মিলিং করা পশমী ফ্লানেল কাপড়। ২২ Skein উলের ইঞ্চি প্রতি ৪৪ সূতা টানা ও পোড়েন।

বীভার ক্লথ (Beaver cloth)—Heavily milled and raised ওভার কোটিং এর কাপড়।

ব্যানক্ বার্ন টুইড্ (Bannock burn tweed)—টানা ও পোড়েনে গ্র্যান্ ড্রিল ও এক রঙের উল সূতা alternately সাজিয়ে বোনা হয়।

ব্যালুন ফ্যাব্রিক্ (Baloon fabric)—রেশম অথবা কটন নির্মিত প্লেন কাপড়। এটি অত্যন্ত মিহি, হাল্কা এবং শক্ত।

বেড-ফোর্ড কর্ড (Bed ford cord)—এই কাপড়ে কর্ডগুলি টানার দিকে থাকে। রাইডিং সুট, নেক্টাই ইত্যাদির জন্য ব্যবহৃত হয়। ২/৭০ নং উর্স্টেড্ টানা, ৩০ নং উর্স্টেড পোড়েন। ইঞ্চিপ্রতি ৯০ সূতা টানা ও পোড়েন। ১৬ নং কটন টানা, ২২ নং কটন পোড়েন, ইঞ্চিপ্রতি ৮০ সূতা টানা ও পোড়েন। এতদ্ভিন্ন ওয়াডিং সূতা।

বোটানি টুইল (Botani twill)—এই কাপড় বুনতে –, –, – টুইল উইভ প্রয়োজন। পোষাকের জন্য ব্যবহৃত হয়। টুইল রেখাগুলি ঠিক রেখে এই কাপড় মিলিং ও হয়ে থাকে।

ব্রোকেইড্ (Brocade)—এই কাপড়ে ফিগার এবং গ্রাউন্ডে light and shade এর জন্য ইচ্ছামত যে কোন বুনন প্রয়োগ করা হয়।

বুক্ মসলিন্ (Book muslin)—সূক্ষ্ম, কোমল, প্লেন্ বুনন, কটন-ক্লথ। শক্ত মাড় দিয়ে ফিনিশ্ করে পোষাকের লাইনিং-এর জন্য ব্যবহৃত হয়। গ্রীষ্মকালীন পোষাকের জন্য ও নানা প্রকার হাল্কা রঙের বা সাদা প্রস্তুত হয়ে থাকে। ইঞ্চিপ্রতি ৮০ নম্বরের ৬০ সূতা টানা ও পোড়েনে।

বালাপোষ (Balaposh)—লেপের মত তূলা ভরা র‍্যাপার। সাধারনতঃ রেশম কভারে প্রস্তুত হয়।

ব্যান (Ban)—কলাগাছের তন্তু থেকে অতি মিহি কাপড়। এটি East Indies এ তৈরী হয়। ম্যানিলা হেঞ্জের মত শক্ত। এটি Bast fibre.

বরাথিয়া (Barathea)—উর্স্টেড ফ্যাব্রিক। টুইল-হপ্-ছেক বুনন। এটি নীল রঙের হয়ে থাকে। ২/৪০ নং বোটানী টানা, ৬৪ নং পোড়েন, ইঞ্জিপ্রতি ৯০ টানা, ১৬০ পোড়েন।

বারহক্ (Barhak)—ভারী কাপড়। প্লেন্ বুনন। উষ্ট্রের লোম (Camel's hair) থেকে মাদ্রাজে প্রস্তুত হয়।

বারল্যাপ্ (Burlap)—উইভ প্লেন, পাটজাত মোটা দ্রব্য।

বোল্টিং ক্লথ (Bolting cloth)—তরল পদার্থ বা পাউডার ছাঁকবার কাপড়।

ব্যান্ডেজ ক্লথ (Bandage cloth)—প্লেন উইভ। ধোলাই। ইঞ্চিপ্রতি টানা ৪০, পোড়েন ২৭, টানা নং ৩২, পোড়েন ৪০ নং (এটিতে উৎকৃষ্ট ব্যান্ডেজ ক্লথ হবে)। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েন ১৮-২৪, টানা ও পোড়েন সূতার নম্বর ৩২ (এটিতে অপেক্ষাকৃত নিকৃষ্ট কোয়ালিটির ব্যান্ডেজ ক্লথ হবে)। এটিকে Surgical cloth ও বলে।

ভয়েল ক্লথ (Voile cloth)—এটি প্লেন কাপড়। উৎকৃষ্ট অথচ কড়াপাকের একপ্রকার সূতা টানা ও পোড়েনে দিয়ে বুনন। এই কাপড় বুনতে শানার প্রতি ঘরে টানার ১ সূতা করে থাকবে। সাধারনতঃ ৫০ নং সূতা ইঞ্চিপ্রতি ৬০.৬৪ সূতা টানা এবং পোড়েনে থাকে।

ভেলি ক্লথ (Veley cloth)—উৎকৃষ্ট ক্রেপ্‌কে ভেলি ক্লথ বলে। ইঞ্চিপ্রতি টানা ও পোড়েন সংখ্যা যথাক্রমে ৮৪ এবং ৮০। টানা ও পোড়েন সূতার নম্বর যথাক্রমে ৩২ এবং ২২, এইরূপ—২/৪০ সূতা ইঞ্চি প্রতি টানায় ৮০ এবং পোড়েনে ৭০ সূতা।

ভায়েলা (Vyella)—এটি মিহি অথচ কোমল ইউনিয়ান ফ্যাব্রিক। টানা ও পোড়েনে শতকরা ৫৫ ভাগ উল এবং ৪৫ ভাগ কটন দ্বারা — টুইল বুনন (Weave)। এই কাপড় সাদা, এক রঙ, স্ট্রাইপ্ অথবা চেক্ যুক্ত হয়ে থাকে।

ভার্জিন উল (Virgin wool)—যে জিনিষ সম্পূর্ন নূতন উলদ্বারা প্রস্তুত তাকে বলে "Virgin Wool"।

মল (Mull)—প্লেন্ কাপড়। অত্যন্ত মিহি, ধোলাই ও কোমল কার্পাস বস্ত্র। ইঞ্চিপ্রতি ৮০টি পোড়েন। ৭০-৯০ নং সূতা টানা, ৯০-১০০ নং সূতা পোড়েন।

মলিদা (Malida)—মিহি এবং কোমল উল দ্বারা প্রস্তুত। প্লেন্ বুনন। কাশ্মীরের মলিদা খুব কারুকার্য্য খচিত হয়ে থাকে।

মখ্‌মল (Makhmal)—সোনালী কারুকার্য্যখচিত সূতি অথবা সিল্ক ভেলভেট্।

ম্যান্‌ডিল (Mandil)—অলঙ্কৃত রুমাল, মুষলমানেরা মাথার পোষাক হিসাবে ব্যবহার করে থাকে।

ম্যাকিন্‌টোষ (Mackintosh)—ওয়াটারপ্রুফ্ পোষাক। ২ পরত মিহি কটন ফ্যাব্রিক রাবার শলিউশন দ্বারা জমাট্ বেঁধে ম্যাকিন্‌টোষ কাপড় প্রস্তুত হয়ে থাকে।

মার্কিন (Markin cloth)—খুব মজবুত কোরা সুতি থান কাপড়।

| ইঞ্চিপ্রতি টানা | ইঞ্চিপ্রতি পোড়েন | টানার নম্বর | পোড়েনের নম্বর |
|---|---|---|---|
| ৪৪ | ৪৮ | ২০ | ২০ |
| ৪৪ | ৪৮ | ২৬ | ২৬ |

মিনা ক্লথ (Mina cloth)—উইভ $\frac{২}{\quad}\frac{}{২}$ টুইল। উল টানা, কটন পোড়েন।

ম্যাবেল টুইল (Mable twill)— $\frac{১}{\quad}\frac{}{৫}$ টুইলকে mabel twill বলে।

সাধারনতঃ লাইনিং-এর উপযোগী আলপাকা কাপড়। ইঞ্চিপ্রতি ৮৪ টানা, ৭০ পোড়েন। ২/৭০ নং টানা, ৩০ নং পোড়েন।

মস্‌লিন্ (Muslin)—মস্‌লিন্ বলতে অতি মিহি কার্পাস বস্ত্রকে বোঝায়। উইভ প্লেন। নানা প্রকার হালকা রঙের বা সাদা হয়ে থাকে। গ্রীষ্মকালীন ব্যবহারোপযোগী সার্টিং মস্‌লিন্ প্রস্তুত করতে—

| ইঞ্চিপ্রতি টানা সংখ্যা | পোড়েন সংখ্যা | টানার নম্বর | পোড়েনের নম্বর |
|---|---|---|---|
| ৯০ | ৮৮ | ৯০ | ১০০ |
| ৮০ | ৮৮ | ৮০ | ১০০ |

রাশিয়ান টুইল (Russian twill)— $\frac{১}{\quad}\frac{}{১}\frac{৩}{\quad}\frac{}{৩}$ এই ৮ সূতার টুইলকে রাশিয়ান টুইল বলে। পশমী রঙ্গিন পোষাকী কাপড়। ইঞ্চিপ্রতি ৪৪ সূতা টানা, ১৬ সূতা পোড়েন, ৭ রান্ টানা, ৬ রান্ পোড়েন।

লন্ (Lawn)—ধোলাই, ছাপাই বা রঙ করা মিহি প্লেন কাপড়। খুব কড়া পাকের সূতায় প্রস্তুত। ৮০-১০০ নং সূতা, ইঞ্চিপ্রতি ৮০-৯০ সূতা টানা ও পোড়েনে থাকবে।

লং ক্লথ (Long cloth)—ধোলাই প্লেন কাপড়।

| ইঞ্চিপ্রতি টানা | পোড়েন | টানা নং | পোড়েন নং |
|---|---|---|---|
| ৯০-১০০ | ৯৬-১৩৬ | ৬০-৮০ | ৬০-৮০ = মিহি লং ক্লথ |
| ৭২-৮০ | ৭২-১০২ | ৩০-৩৬ | ৩০-৩৬ = মোটা লং ক্লথ |

লেনিটাল (Lanital)—দুগ্ধজাত দ্রব্য থেকে প্রস্তুত। দেখতে অনেকটা উলের মত।

লেবেল ক্লথ (Label cloth)—খুব ভারী মাড়যুক্ত প্লেন কাপড়। কাপড়ের উপর দিকে glaze finish থাকে।

ল্যাংকাস্টার ক্লথ (Lancaster cloth)—এটি এক প্রকার অয়েল ক্লথ। ধোওয়া যায়। সাদা, ঘিয়া, ইমিটেশন মারবেল কলার অথবা ছাপান থাকে।

লিবার্টি (Liberty)—লন্ডনে লিবার্টি এন্ড কোং লিমিটেড কোম্পানীর রেজেষ্টারী করা কাপড়। খুব হালকা, মোলায়েম জামার কাপড়। রেশম, স্পান সিল্ক ইত্যাদি দ্বারা প্রস্তুত হয়।

লাম্ছা (Lamsa)—ভাল কোয়ালিটির প্লেন ক্লথকে পার্শী কথায় লাম্ছা বলে।

লেনসু (Lensu)—সিংহলে একপ্রকার রুমাল হয়, তাহা দ্বারা পাগ্‌ড়ী করে এবং পূজার ভোগও ঢেকে থাকে। উইভ-প্লেন্ চেক্ অথবা ডায়মন্ড।

লিমব্রিক (Limbric)—"মরীন" এবং "লিমব্রিক" এগুলি ওয়েফ্‌ট্ রিব ক্লথ।

সার্কস্কিন (Shark skin)—চক্‌চকে ওয়াটার প্রুফ ক্লথ।

শালু (Salu or Saloo)—এটি প্লেন, সূতি, লাল রঙের থান। সাধারনতঃ লেপের জন্য ব্যবহৃত হয়।

স্যান্‌ফোরাইজিং (Sanforizing)—এটি একটি যান্ত্রিক প্রনালী, কাপড় ধুইবার পর কাপড়ের যে অবস্থা আসে, এই যান্ত্রিক প্রনালীতে সেই অবস্থা পাওয়া যায়। সুতরাং Sanforized কাপড় কখনও কুচকায়না, এটি unshrinkable.

সেকেন্ডস (Seconds)—যে কোন দোষযুক্ত কাপড়কে "সেকেন্ডস" বলে। সাধারনতঃ ৩ গজ থেকে ৯ গজের নীচের টুকরো কাপড়কেই "সেকেন্ডস" বলে থাকে।

সেইল ক্লথ (Sail cloth or Duck cloth)—এটি তাবুর কাপড়। $\frac{২}{১}$ টুইল বুনন। ইঞ্চিপ্রতি ৫২ টানা, ৪৪ পোড়েন, ২/২০ নং টানা, ২/১৬ নং পোড়েন।

সাফা (Safa)—এটি মাথার পোষাক হিসাবে ব্যবহৃত হয়। প্লেন বুনন। দুই আচলার শেষ প্রান্ত fancy shade এ রঞ্জিত এবং রঙিন রেশম, সোনালী জরী ইত্যাদি দ্বারা অলঙ্কৃত। ইঞ্চিপ্রতি ৮০ টানা, ১০০ পোড়েন, টানা ও পোড়েনে ৬০-৯০ নং সূতা থাকবে।

শাড়ী (Mill made saree of coarse and medium quality)—

| ইঞ্চিপ্রতি টানা | ইঞ্চিপ্রতি পোড়েন | টানার নম্বর | পোড়েনের নম্বর |
|---|---|---|---|
| ৪৪ | ৪২ | ২০ | ৩০ |
| ৫০ | ৫০ | ৩২ | ৩৬ |
| ৬৬ | ৬০ | ৬০ | ৭০ |

স্কাইটীন্ (Skyteen)—৫ ঝাঁপে টানা ভাষা সাটিন। সার্টিং-এর জন্য ব্যবহৃত হয়।

ইঞ্চিপ্রতি ১০০ সূতা টানা, ৬০ সূতা পোড়েন, ৪০ নং টানা, ৩০ নং পোড়েন। ইঞ্চিপ্রতি ৮০ সূতা টানা, ৫০ সূতা পোড়েন, ২২ নং টানা, ২৪ নং পোড়েন। ইঞ্চিপ্রতি ৮৬ সূতা টানা, ৭০ সূতা পোড়েন, ২/৪০ নং টানা, ৩২ নং পোড়েন।

ষ্টিম টুইল (Steam)—লাইনিং এর জন্য নিকৃষ্ট কোয়ালিটির টুইল। সাদা বা নানান রঙের হয়ে থাকে।

| | | | |
|---|---|---|---|
| ইঞ্চিপ্রতি ৪০ টানা, | ৪৮ পোড়েন, | ৩২ নং টানা, | ৪০ নং পোড়েন |
| ইঞ্চিপ্রতি ৪০ টানা, | ৪৮ পোড়েন, | ৪০ নং টানা, | ২০ নং পোড়েন |
| ইঞ্চিপ্রতি ৪৪ টানা, | ৫০ পোড়েন, | ৪০ নং টানা, | ৩০ নং পোড়েন |

সুডারনেট্ (Sudanette)—উৎকৃষ্ট সুডান কটন থেকে প্রস্তুত। প্লেন বুনন। নানান রঙের ফাইন সার্টিং এবং অন্যান্য পোষাকের জন্য ব্যবহৃত হয়। ইঞ্চিপ্রতি ১৬০ সূতা টানা, ৮০ সূতা পোড়েন, টানা ও পোড়েনে ২/১২০ নং।

সেকো সিল্ক (Seco silk)—প্লেন বুনন। কটন টানা, স্পান্ সিল্ক পোড়েন। এটিকে A. B. C. সিল্ক ও বলে থাকে। টানা ও পোড়েনে ইঞ্চিপ্রতি ৮০ সূতা, ২/১০০ নং কটন টানা, ৬৪/২ নং স্পান সিল্ক পোড়েন।

সেটীন টপস্ (Sateen tops)— ৫ ঝাঁপের সাটিনকে sateen tops বলে। এটি cotton fabric। ইঞ্চিপ্রতি ৬৪ টানা, ১২০ পোড়েন, ২/৬০ নং টানা, ৫০ নং পোড়েন।

সুইস্ চেক্ (Swiss check)—টানার প্যাটার্ন—একডেন্টে ২ সূতা, একাধিক ডেন্টে ১ সূতা করে থাকবে, পোড়েন প্যাটার্ন টানার অনুরূপ।

ইঞ্চিপ্রতি টানা ৭২ সূতা, পোড়েন ৬০ সূতা, ৪০ নং সূতা টানা, ৫০ নং সূতা পোড়েন।

হ্যামক ক্লথ (Hummock cloth)—মজবুত অথচ কোমল, তাবুর কাপড়। সাধারনতঃ চকচকে রঙিন টানা, প্লেন এবং ফ্যান্সী বুনন। ইঞ্চিপ্রতি ১৬-৩২ সূতা টানা, ১১-১২ সূতা পোড়েন, এবং টানা ও পোড়েনে মজবুত দোতার সূতা থাকবে।

হিল্ডা টুইল (Hilda twill)— $\frac{১}{৬}$ টুইলকে hilda twill বলে। ইঞ্চিপ্রতি ৬৪ টানা ও পোড়েনে, ২০ নং টানা এবং ৪০ নং পোড়েন।